




নং-৫৪.০০.০০০০.০৩৯২.৯.০২৫.২০-৬৮১

তারিখঃ ৩০ কার্তিক ১৪২৭  
১৫ নভেম্বর ২০২০

বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিব রেলওয়ে সেতু নির্মাণ প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের অতিথি তালিকা প্রস্তুত ও দাওয়াত কার্ড বিতরণ সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অদ্য ১৫ নভেম্বর ২০২০ তারিখে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর সভাপতিত্বে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিব রেলওয়ে সেতু নির্মাণ প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের অতিথি তালিকা প্রস্তুত ও দাওয়াত কার্ড বিতরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সংক্রান্তে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহিত সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি -সভার কার্যবিবরণী :১ ফর্দ।

  
(মীর আলিমগীর হোসেন)  
উপসচিব  
ফোন-৪৭১২৪৩১১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মুখ্যসচিব (প্রশাসন-১), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
- ০২। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
- ০৩। প্রকল্প পরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিব রেলওয়ে সেতু, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ০৪। পরিচালক (মেকানিক্যাল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
- ০৬। প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

অনুলিপি:

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
- ০২। সচিব এর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
- ০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।



বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিব রেলওয়ে সেতু নির্মাণ প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের অতিথি তালিকা প্রস্তুত ও দাওয়াত কার্ড বিতরণ সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব আহমেদ মোর্শেদ, অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়  
 সভার তারিখ : ১৫ নভেম্বর ২০২০  
 সময় : সকাল ১১:০০ ঘটিকা  
 স্থান : রেলভবনস্থ ৯ম তলা (কক্ষ নং- ৯২০)  
 সভায় উপস্থিতি : পরিশিষ্ট- ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি বলেন যে, আগামী ২৯ নভেম্বর ২০২০ তারিখ রবিবার, সকাল ১১.০০ ঘটিকায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিব রেলওয়ে সেতু নির্মাণ প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন করা হবে। এ লক্ষ্যে অতিথি তালিকা ও কার্ড বিতরণ সংক্রান্ত কমিটি গঠন করা হয়েছে।

০২। উপসচিব (প্রশাসন-০৪) অনুমতিক্রমে রেলপথ মন্ত্রণালয়ের উন্নয়ন-২ শাখা কর্তৃক ০২.১১.২০২০ তারিখে জারিকৃত পত্রের ৩.৩ (খ) নং ক্রমিকের সিদ্ধান্তসমূহ সভাকে অবহিত করেন। তিনি সভা কে জানান যে, ইতোমধ্যে পূর্বের অতিথি তালিকা হালনাগাদ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। দাওয়াত কার্ড যথাসময়ে অতিথিদের বরাবরে প্রেরণ করা হবে।

০৩। সভাপতি ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানটি সাফল্যমন্ডিত করার জন্য সকল কে আহ্বান জানান।

০৪। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র: নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন/তত্ত্বাবধান
০১।	মূল অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের তালিকা প্রস্তুত.	আগামী ১৬.১১.২০২০ তারিখে উক্ত কর্মসূচী আয়োজনের নিমিত্ত সচিব রেলপথ মন্ত্রণালয়ের নেতৃত্বে গঠিত কমিটির সভা আহ্বান করা হয়েছে। উক্ত সভায় সিদ্ধান্তের আলোকে তালিকা প্রস্তুত করা হবে।	১. প্রকল্প পরিচালক ২. উপসচিব (প্রশাসন-৪)
০২।	দাওয়াত কার্ড বিতরণ	আমন্ত্রিত অতিথিদের তালিকা প্রস্তুতের পর রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তা কর্তৃক কার্ড বিতরণ করা হবে।	১. যুগ্মসচিব (প্রশাসন-১) ২. প্রকল্প পরিচালক ৩. উপসচিব (প্রশাসন-৪)

০৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আহমেদ মোর্শেদ)  
 অতিরিক্ত সচিব (প্রশাসন)  
 রেলপথ মন্ত্রণালয়